



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

স্মারক নং-

৪/১১/৬৬/২১৮

তারিখ:

০৮/১০/২০২৩

প্রেরক : বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।
প্রাপক : অধ্যক্ষ,
পুলিশ লাইন্স স্কুল এন্ড কলেজ
ডাক : পাবনা, উপজেলা/থানা: পাবনা সদর, জেলা: পাবনা।

বিষয় : মাধ্যমিক পর্যায়ে অস্থায়ী একাডেমিক স্বীকৃতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৩৯.০০২.২০২২.২৭৩ তারিখ: ৩০/১০/২০২২খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ১৩/০৩/২০২৩খ্রি: তারিখে অনুষ্ঠিত বিদ্যালয় মঞ্জুরি কমিটির ২য় সভার সিদ্ধান্ত এবং ১৮/০৩/২০২৩খ্রি: তারিখে অনুষ্ঠিত ২৪৯ তম বোর্ড সভার অনুমোদিত সিদ্ধান্ত মোতাবেক পাবনা জেলার সদর উপজেলাধীন 'পুলিশ লাইন্স স্কুল এন্ড কলেজ' টিতে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে ২১/০৯/২০২৩খ্রি: তারিখ হতে ০৩ (তিন) বছরের জন্য মাধ্যমিক (নবম ও দশম) পর্যায়ে অস্থায়ী একাডেমিক স্বীকৃতি প্রদান করা হ'ল।

শর্তসমূহ:

- ১। প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে নিয়োগকৃত জনবলের বেতন ভাতাদি বহন করতে হবে।
- ২। বিদ্যালয়ের শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি ও সন্তোষজনক ফলাফল অব্যাহত রাখতে হবে।
- ৩। বিদ্যালয় প্রাঙ্গণে ফলজ বৃক্ষ রোপন করতে হবে।
- ৪। বিদ্যালয়ে খেলাধুলার মাঠের উন্নয়ন করতে হবে।
- ৫। জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড অনুমোদিত এবং সরকারী নির্দেশ অনুযায়ী নির্ধারিত পাঠ্যক্রম অনুসরণ করতে হবে।
- ৬। বিদ্যালয়ের সীমানা প্রাচীর দিতে হবে।
- ৭। সর্বশেষ চাকুরী বিধি মোতাবেক যোগ্যতা সম্পন্ন শিক্ষক নিয়োগ করতে হবে।
- ৮। শিক্ষক/কর্মচারী নিয়োগের ক্ষেত্রে অনুদানের নামে অবৈধভাবে চাঁদা আদায় করা যাবে না।
- ৯। অনুদানের অর্থ রশিদের মাধ্যমে সংগ্রহ করে প্রতিষ্ঠানের ফাভে জমা দিয়ে তা প্রতিষ্ঠানের উন্নয়নে যথাযথ ভাবে খরচ করতে হবে এবং খরচকৃত অর্থের নীরক্ষা করতে হবে।
- ১০। শিক্ষক/কর্মচারী নিয়োগের ক্ষেত্রে অনুদানের অর্থ তহরুপ সম্বন্ধে কোন অভিযোগ উত্থাপিত হলে তাৎক্ষণিক বিধি মোতাবেক ব্যবস্থা নেয়া হবে।
- ১১। বিদ্যালয়ে পাঁচ সদস্যের অভ্যন্তরীণ অডিট কমিটি গঠন করে প্রতি ছয় মাস অন্তর আয়-ব্যয়ের হিসাব অডিট পূর্বক পরবর্তী স্বীকৃতি নবায়নের সঙ্গে সমুদয় অডিট রিপোর্ট দাখিল করতে হবে। অন্যথায়, পরবর্তীতে স্বীকৃতি নবায়ন করা হবে না। বোর্ড কর্তৃপক্ষ যে কোন সময়ে উক্ত অডিট রিপোর্ট তলব করলে তা দাখিল করতে করবে।
- ১২। অনুমোদিত সিলেবাস অনুযায়ী বার্ষিক পাঠ পরিকল্পনা প্রণয়ন পূর্বক পাঠদান করতে হবে।

মহা: জিয়াউল হক
বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।

ফোন: ০২৫৮৮৮৫৫৭৬৮ (অফিস)

স্মারক নং-

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হ'ল :-

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। মহা-পরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
- ৪। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
- ৫। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।
- ৬। উপ-পরিচালক (হিসাব ও মিরীফা), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।
- ৭। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), পাবনা।
- ৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯। উপজেলা নির্বাহী অফিসার, পাবনা সদর, পাবনা।
- ১০। সিনিয়র সিস্টেম এনালিস্ট (চ: দা:) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।
- ১১। জেলা শিক্ষা অফিসার, পাবনা।
- ১২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পাবনা সদর, পাবনা।
- ১৩। অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।